

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ এপ্রিল ২০১৪/ ১১ বৈশাখ ১৪২১

নম্বর ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৮৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় পর্যটন পরিষদ নিম্নরূপভাবে গঠন করেছে :

(ক) জাতীয় পর্যটন পরিষদের গঠন :

(১) প্রধানমন্ত্রী	- সভাপতি
(২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	- সদস্য
(৩) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	- সদস্য
(৪) মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	- সদস্য
(৫) মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়	- সদস্য
(৬) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়	- সদস্য
(৭) মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	- সদস্য
(৮) মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়	- সদস্য
(৯) প্রতিমন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	- সদস্য
(১০) প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	- সদস্য
(১১) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	- সদস্য-সচিব

(১৩২৯৭)

মূল্য : টাকা ৪.০০

(খ) পরিষদের কার্যপরিধি :

- (১) পর্যটন উন্নয়ন সংক্রান্ত জাতীয় ও আঞ্চলিক পরিকল্পনাসমূহের নীতিগত অনুমোদন;
 - (২) জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে প্রচার ও বিপণনের মাধ্যমে বাংলাদেশের ভাবমূর্তি উন্নীতকরণ;
 - (৩) গুরুত্বপূর্ণ পর্যটন স্থানসমূহে যাতায়াতের জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ;
 - (৪) পর্যটন সংক্রান্ত আইন প্রয়োগ এবং অন্যান্য প্রশাসনিক ব্যবস্থা ও পদক্ষেপ গ্রহণে নীতিগত সিদ্ধান্ত প্রদান;
 - (৫) বেসরকারি খাতের জন্য আর্থিক সুবিধাদি প্রদানের জন্য পদক্ষেপ গ্রহণ; এবং
 - (৬) পর্যটন উপদেষ্টা কমিটির সুপারিশসমূহের পর্যালোচনা ও প্রয়োজনীয় ক্ষেত্রে অনুমোদন প্রদান।
- ২। অনধিক প্রতি ছয় মাস অন্তর 'জাতীয় পর্যটন পরিষদ'-এর সভা অনুষ্ঠিত হবে।
- ৩। এ সভার সিদ্ধান্ত বাধ্যতামূলক হবে এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় এসব সিদ্ধান্ত বাস্তবায়ন করবে।
- ৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নূরুল করিম

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)